

তারিখ: ০৯ অক্টোবর ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি (সংশোধনী)

বিগত বছরগুলোর মত বাংলাদেশ হাই কমিশন, লন্ডন ২০০৯ সালের "জিসিএসই" এবং "এ-লেভেল" পরীক্ষায় যুক্তরাজ্যে বসবাসরত যে সকল ব্রিটিশ বাংলাদেশী ছাত্র-ছাত্রীরা অসাধারণ কৃতিত্বের সাথে পাশ করেছে তাদের সাফল্যকে স্বীকৃতি দানের জন্য "আউটস্ট্যান্ডিং একাডেমিক এ্যাচিভমেন্ট এওয়ার্ড ২০০৯" প্রদান করবে।

এ উদ্দেশ্যে যে সকল ছাত্র-ছাত্রী জিসিএসই তে ন্যূনতম ৫ (পাঁচ)টি "এ*" সহ ১০ (দশ)টি "এ*/এ" এবং এ-লেভেল এ ন্যূনতম ৩ (তিন)টি "এ" পেয়েছে তাদের অথবা তাদের অভিভাবকদের নির্ধারিত ফরমে আগামী ৩১ অক্টোবর ২০০৯ তারিখের মধ্যে আবেদনপত্র ডাক/ফ্যাক্স/ই-মেইল যোগে নিম্নলিখিত ঠিকানায় জমা দেয়ার/প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে:

ই-মেইল : hoc@bhclondon.org.uk

ফ্যাক্স নং : 020 7581 7477


ফোন নং : 020 7581 7418

পোস্টাল ঠিকানা : Bangladesh High Commission, 28 Queen's Gate, London SW7 5JA

[Attn: Mr.Md. Daud Ali, Counsellor and HOC]

এ সংক্রান্ত নির্ধারিত ফরমটি বাংলাদেশ হাই কমিশনের ওয়েবসাইট <http://www.bhclondon.org.uk/NoticeBoard.htm> লিংক থেকে ডাউনলোড করে যথাযথভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/প্রিন্সিপাল কর্তৃক সত্যায়িত করে ছাত্র-ছাত্রীদের যোগাযোগের ঠিকানাসহ জমা দিতে হবে।

নির্বাচিত ছাত্র-ছাত্রীদের এওয়ার্ড প্রদানের ব্যাপারে পরবর্তী কার্যক্রম সম্পর্কে বাংলাদেশ হাই কমিশন যথাসময়ে অভিভাবকদের অবহিত করবে।



(রশেদ চৌধুরী)
মিনিষ্টার (প্রেস)